

নতুন ঢাকা উপহার দেওয়ার আশ্বাস আনিসুল হকের

অনলাইন ডেস্ক



দুই বছর পর নতুন ঢাকা উপহার দেওয়ার আশ্বাস দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

সোমবার বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজে ডিএনসিসি, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মিলিত আয়োজনে

জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ও বিশ্ব হাত

ধোয়া দিবস উপলক্ষে আলোচনা অনুষ্ঠানে মেয়র এ আশ্বাস দেন।

মেয়র বলেন, ঢাকা শহর প্রতিদিন বদলাচ্ছে। একটি নিরাপদ, সবুজ, পরিচ্ছন্ন, মানবিক, স্মার্ট ও স্বাস্থ্যকর আবাসস্থল হিসেবে ঢাকা মহানগরীকে গড়ে তোলার লক্ষ্যে প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। দেহের বিভিন্ন অঙ্গের মতোই শহরকে পরিচ্ছন্ন রাখতে হলে নিজেদের আবাসস্থল এবং আশপাশ পরিষ্কার করতে হবে।

এছাড়া নগরীর পরিবেশ বাসযোগ্য রাখতে প্রত্যেকের বাড়ির আঙ্গিনায় অন্তত একটি করে গাছ লাগানোর জন্য উপস্থিত শিক্ষার্থীদের প্রতি অনুরোধ জানান তিনি।

ঢাকার বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুল ইসলাম, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত) শহীদ ইকবাল, ঢাকার জেলা প্রশাসক মোহাম্মদ সালাহ উদ্দিন, ইউনিসেফের ওয়াশ স্পেশালিস্ট মো. শফিকুল আলম, স্থানীয় সরকার বিভাগের পরিচালক শেখ মুজিবুর রহমান, বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ লে. কর্নেল (অব.) মো.আসাদুজ্জামান এবং স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. মফিজুর রহমান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডিএনসিসি'র প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল এসএমএম সালেহ ভূঁইয়া, প্রধান কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা মোহাম্মদ আলম শরীফ খান এবং স্বাস্থ্য কর্মকর্তা ডা. ইমদাদুল হক।

বিডি-প্রতিদিন/ ২৪ অক্টোবর, ২০১৬/ সালাহ উদ্দীন